লিপি
পোর্ট ব্লেয়ার · বুধবার, ৩১ জানুয়ারি ২০১৮
Port Blair · Wednesday · January 31, 2018
Arthik Lipi, Page 2

লাভপুরে বিজেপির সভায় গন্ডগোল

নিজস্ব সংবাদদাতা, লাভপুর : বীরভূমের লাভপুরে মুকুল রায়ের সভায় যোগ দিতে আসা বিজেপি কর্মী-সমর্থকদের উপর আক্রমণ চালানোর অভিযোগ উঠল তৃণমূলের বিরুদ্ধে। ঘটনায় ১২ জন বিজেপি কর্মী জখম হয়েছেন। তাঁদের বোলপুর মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যাওয়ায় এলাকা ছাড়েন মুকুল রায়। ঘটনাস্থলে পৌঁছেছে পুলিশ। হামলার প্রতিবাদে লাভপুরের বিভিন্ন জায়গায় রাস্তা অবরোধ করেন বিজেপি কর্মী-সমর্থকরা। মল্লারপুরে অবরোধ করা হয়েছে ৬০ নম্বর জাতীয় সড়ক।মঙ্গলবার লাভপুর স্টেশন সংলগ্ন এলাকায় বিজেপির সভা করার কথা ছিল। সভায় প্রধান বক্তা ছিলেন মুকুল রায়। সভায় যোগ দিতে এলাকায় বিজেপি কর্মী-সমর্থকরা যেতে শুরু করেন। কিন্তু তার আগেই লাভপুরের বিভিন্ন মোড়ে তাদের আটকে দেয় তৃণমূল। লাভপুরের বিপ্রটিকুরি গ্রামে বিজেপির মিছিলে আক্রমণ চালানোর অভিযোগ ওঠে তৃণমূলের বিরুদ্ধে। অভিযোগ, ধারালো অস্ত্র দিয়ে আক্রমণ করে তৃণমূল আশ্রিত দুষ্কৃতীরা। ঘটনায় ১২ জন বিজেপি কর্মী জখম হন। তাঁদের বোলপুর মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়েছে। বিজেপি কর্মীদের আরও অভিযোগ, সরকারি জায়গা না পাওয়ায় ফুল্লরা মন্দির সংলগ্ন এক নেতার জমিতে সভা করা সিদ্ধান্ত নেওয়া হয়। মুকুল রায় সভা করবেন জানতে পেরে এক সপ্তাহ আগে সেই জমি ট্রাক্টর দিয়ে চষে দেওয়া হয়, শুধু তাই নয়, জল ঢুকিয়ে ধানের বীজ রোপণ করে দেওয়া হয়। বিজেপির বীরভূম জেলা পর্যবেক্ষক সমীরণ সাহা বলেন, আমরা লাভপুর স্টেশনের কাছে মঞ্চ তৈরি করছিলাম। সেই সময় জনা পঞ্চাশেক তৃণমূল আশ্রিত দুষ্কৃতী বোমা, ধারালো অস্ত্র ও আগ্নেয়াস্ত্র নিয়ে আমাদের উপর আক্রমণ করে। আমরা কোনওক্রমে এলাকা ছেড়ে পালিয়ে আসি। আমাদের ১২ জন কর্মীকে ধারালো অস্ত্র দিয়ে আঘাত করে। তাদের মধ্যে চারজনের অবস্থা আশঙ্কাজনক।সমীরণবাবু আরও বলেন, যদি এতই উন্নয়ন তাহলে বিরোধীদের আটকাতে হচ্ছে কেন? এইরকম করতে করতে একদিন এমন দিন আসবে যেদিন রাজ্যে রাষ্ট্রপতি শাসন জারি হবে। সেদিন আমরা সুদে আসলে সব আদায় করে নেব।

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

	5			7			8	3
	9	8			4			
6	3		1					
7		6			1			
		4				9		
			7			1		2
					3		9	7
			5			6	1	
8	6			1			2	

গতকালের সমাধান

1	6	8	9	7	2	3	4	5
9	7	4	3	8	5	1	6	2
2	3	5	1	6	4	8	9	7
8	2	1	7	9	3	6	5	4
3	9	6	5	4	1	7	2	8
5	4	7	6	2	8	9	1	3
6	5	9	2	3	7	4	8	1
4	1	3	8	5	9	2	7	6
7	8	2	4	1	6	5	3	9

আবহাওয়া

পূর্বাভাস: বুধবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ২৩ ডিগ্রি ও ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** মঙ্গলবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ২২ ডিগ্রি ও ১৩ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৫৮ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৬।১৬, **সূর্যাস্ত:** ঘ ৫:২৭ **জোয়ার:** দুপুর: ১:২০। **ভাঁটা:** সকাল : ৮:৩৯।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।

- সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	63.7602
INR / 1 Euro	78.2019
INR / 100 Jap. YEN	57.5000
INR /1 Pound Sterling	87.9126

শেয়ার সূচক

BSE	34,771.05 ▼	(-72.46)
NIFTY	10,700.45 ▼	(-41.10)

শব্দলিপি- ১১০০



অক্ষয় মজুমদার

পাশাপাশি ঃ ১। অলংকারে অব্যাজক দেশ ৪। বুদ্ধি ৫। দখলীকৃত ৭। মানুষ ৮। ঠাণ্ডা ১০। শান্ত, দাস্য ইত্যাদি পাঁচটি রস ১২। চাঁচ ১৩। অগ্নিকর্তৃক খাণ্ডবন দহন

উপরনীচ ঃ ১। জায়গিরপ্রাপ্ত সেনাপতি ২। রসজ্ঞানসম্পন্ন ৩। কাঠ চেরাইয়ের যন্ত্র ৪। মাহাত্ম্য ৬। 'গাড়ি চালায়—' ৯। মুহূর্ত ১০। গড় খাই ১১। গোলাকার রসালো মিষ্ট ফল বিশেষ

সমাধান ঃ শব্দলিপি - ১০৯৯

পাশাপাশি ঃ ১। মলয়জ ৪। গরজ ৬। আকরজ ৭। মামলাবাজ ৯। হরিমটর ১১। মেকদার ১৩। নয়ন ১৪। রাধানাথ

উপরনীচ ঃ ১। লজ্জক ৩। জমজমাট ৪। গলাগলা ৫। জবরজবর ৬। আবহবিজ্ঞান ৮। মরমে মরা ১০। ময়দান ১২। দাবনা

অশীতিপর শাশুড়িকে বাড়ি ছাড়া করল বউমা

নিজস্ব সংবাদদাতা, দক্ষিণ ২৪ পরগনা : সম্পত্তি লিখে দেননি। সেই কারণে শীতের রাতে মারধর করে ৮০ বছরের বৃদ্ধা শাশুড়িকে বাড়ি থেকে বের করে দেওয়ার অভিযোগ উঠল এক মহিলার বিরুদ্ধে। অভিযুক্ত মহিলা বৃদ্ধার ছোটো বউমা। সোমবার রাতে সোনারপুর থানার ঘোষপাড়ায় ঘটনাটি ঘটেছে। এনিয়ে ওই বৃদ্ধা রাতেই থানায় অভিযোগ জানান।

স্বামীর মৃত্যুর পর সোনারপুরের ঘোষপাড়ার বাড়িতেই থাকেন বৃদ্ধা অনীতা ঘোষ। বড় ছেলে সুশীল ও ছোটো ছেলে সন্টু নিজের নিজের পরিবার নিয়ে সেখানে থাকেন। বড় ছেলে সোনার দোকানে কাজ করেন। ছোটো ছেলে বাড়িতেই একটি হার্ডওয়্যারের দোকান চালায়। কিন্তু, বৃদ্ধা মাকে কেউই দেখেন না বলে অভিযোগ। এজন্য অনীতাদেবী মামলা করেছিলেন। তারপর থেকে বড় ছেলে মাসে অল্প টাকা দেওয়া শুরু করেন। চরম অবহেলায় দিন কাটে বৃদ্ধার। অভিযোগ, সম্পত্তি লিখে দিতে হবে বলে অত্যাচার করেন ছোটো বৌমা কৃষ্ণা ঘোষ। অভিযোগ, সোমবার রাতেও অত্যাচার শুরু করেন ছোটো বউমা। শীতের রাতে মারধর করে শাশুড়িকে বাড়ির বাইরে বের করে দেন। অসহায় অবস্থায় অনীতাদেবী সোনারপুর থানায় চলে যান। সেখানে ছোটো বউমার নামে অভিযোগ জানান। এরপর পুলিশ নিজেদের গাড়িতে চাপিয়ে বৃদ্ধাকে বাড়ি পৌঁছে দেন। পাশাপাশি শাশুড়ির উপর অত্যাচার করা যাবে না বলে অভিযুক্ত বউমাকে সতর্ক করে দেয়।

ভাগ্যলিপি

মেষ

কিছু মানুষ আপনাকে বিরক্ত করার চেষ্টা করবে। এতে আপনি সফল নাও হতে পারেন।

বৃষ

ধীরে চলার চেষ্টা করুন, উন্নতি হতে পারে।

মিথুন

একটা আশা প্রদ দিন। অগ্রগতি পথে এগিয়ে যেতে পারবেন।

কর্কট

যে পরিবর্তনের প্রয়োজন ছিল। তা আজ কাজে লাগাতে চেষ্টা করুন। আর্থিকভাবে তা কাজে আসবে এবং আপনি সফল হবেন।

সিংহ

চেষ্টা চালিয়ে যান সফল্য আজ না এলেও আগামীদিনে আসতে পারে। সামনাসামনি সবকিছু মুখমুখি হন।

কন্যা

আপনার মত করে পথ চলার চেষ্টা করুন তাতে সাফল্য আসবে। দক্ষতা বৃদ্ধি পাবে।

তুলা

সরকারি কর্মীরা উপকৃত হবেন আজ। সবমিলেয়ে আজ একটা ভালোদিন যাবে। পরিবারের সমস্ত সদস্যদের নিয়ে আনন্দ উপভোগ করতে পারেন।

বৃশ্চিক

গুরুত্বপূর্ণ দিন আজ, প্রবীণদের মতামত নিয়ে এগিয়ে চললে সাফল্য পাবেন।

ধনু

ব্যবসায়ীদের কাছে দিনটি শুভ। গুরুত্বপূর্ণ লেনদেন হতে পারে।

মকর

অসাধারণ ফল মিলতে পারে আজ। সমস্ত সমাধান হবে। দুঃখিত হবেনা সন্ধ্যার পরে সাফল্য আসবে।

কুম্ভ

একটা ভালোদিন। যোগাযোগ ক্ষেত্রে কর্মীরা লাভবান হবেন।

মীন

একটা মিশ্রদিন। তবে না বেশিদূর না এগোনই ভালো।

ত্রাণ নিয়ে মুখ্যমন্ত্রীকে কটাক্ষ অধীরের

নিজস্ব সংবাদদাতা, দৌলতাবাদ : মৃতের সংখ্যাও বাড়ছে। মৃতের দরও বাড়ছে। মুখ্যমন্ত্রী এভাবে মানুষের জীবন নিয়ে ছিনিমিনি খেলবেন না। নিজের ব্যর্থতা স্বীকার করুন। মুর্শিদাবাদের দৌলতবাদে বাস দুর্ঘটনা প্রসঙ্গে এভাবেই মুখ্যমন্ত্রীকে আক্রমণ করলেন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরি। তিনি আরও বলেন, এখানাকার মানুষের ক্ষোভ হয়েছে। সেটা তাঁদের উপর চাপানোর চেষ্টা করছেন। উদ্ধার কাজ চালানোর নামে আপনি রাজনীতি করছেন।

মঙ্গলবার উদ্ধার কাজ নিয়ে মুখ্যমন্ত্রীকে কটাক্ষ করেন অধীরবাবু। তিনি বলেন, সকালেই আপনার হেলিকপ্টারে করে কেন ডুবুরি পাঠালেন না? আপনি আসার আগে তো এখানে পাঁচবার ডুবুরি চলে আসতে পারত। এখানে নাটক করতে এসেছেন? তিনি আরও বলেন, কেন্দ্রীয় সরকারের আইন অনুযায়ী প্রত্যেক জেলায় বিপর্যয় মোকাবিলা বাহিনী থাকার কথা। কিন্তু, মুর্শিদাবাদে কেন উদ্ধারকারী দল ছিল না? কেন কৃষ্ণনগর থেকে ক্রেন আনতে হচ্ছে? মুখ্যমন্ত্রী তার জবাব দিন। এখানকার সাধারণ মানুষ সবার আগে উদ্ধার কাজে নেমেছে। তাঁরাই প্রকৃত উদ্ধারকাজ করেছে। বাকিটা সবটাই নাটক। এটা ম্যান মেড কিলিং।

অধীরবাবুর অভিযোগ, একটা অসাধু চক্র পরিত্যক্ত বাসগুলিকে কিনে শুধু মুর্শিদাবাদে নয়, গোটা বাংলায় চালাচ্ছে। যদি সাহস থাকে তো এই বাসগুলির ফরেন্সিক তদন্ত করুন।

পাশাপাশি তিনি আরও বলেন, রাজ্যের যা অবস্থা, এই ব্রিজটাও না কোনও দিন ভেঙে পড়ে। এরাজ্যের সবই উপর উপর সাজানো হচ্ছে। ভেতরে ফাঁপা।

জেলারের বাড়িতে চুরি

নিজস্ব সংবাদদাতা, বারুইপুর : ডেপুটি জেলারের বাড়িতে চুরির ঘটনায় উত্তেজনা ছড়াল বারুইপুরে। ঘটনাটি ঘটেছে দক্ষিণ ২৪ পরগনার বারুইপুর থানার দুধনই এলাকায়। ওই জেলারের নাম অঞ্জন চট্টোপাধ্যায়। অভিযোগ দায়ের হওয়ার পর ঘটনাটির তদন্ত শুরু করেছে পুলিশ। যদিও খোদ ডেপুটি জেলারের বাড়িতে এই ধরনের ঘটনা ঘটায় উত্তেজনা ছড়ায় এলাকায়।স্থানীয় সূত্রে জানা গেছে, দমদম সেন্ট্রাল জেলের ডেপুটি জেলার অঞ্জনবাবুর বাড়িতে দু'দিন কেউ ছিলেন না। সেই সুযোগে রাতের অন্ধকারে বাড়ির দরজার তালা কেটে ঘরে ঢোকে দুষ্কৃতীরা। তারপর অবাধে চুরি করে পালায়। নগদ টাকা ও সোনার গহনা মিলিয়ে আড়াই লাখ টাকার বেশি সম্পত্তি চুরি হয়েছে বলে সোমবার দাবি করেন অঞ্জনবাবুর ছেলে। তাঁর অভিযোগ, কয়েকদিন বাদেই আমার বোনের বিয়ে হওয়ার কথা। তাই গয়না ও টাকা বাড়িতে রাখা ছিল। কিন্তু, বাড়িতে কেউ না থাকার সুযোগে তা চুরি করে নিয়েছে দুষ্কৃতীরা।

থানার এই বিষয়ে অভিযোগ জানানো হলেও বর্তমানে নিরাপত্তার অভাববোধ করছি আমরা।

বাগবাজার আমার অধিকারের উদ্যোগে অনুষ্ঠিত গণবিবাহ। মঞ্চে রয়েছেন কাউন্সিলর বাপী ঘোষ, এমআইসি (স্বাস্থ্য) অতীন ঘোষ, পুরপিতা পার্থ মিত্র, কলকাতা পুরসভার চেয়ারম্যান মালা রায় প্রমুখ।

জনতার দরবারে শতাব্দী রায়

নিজস্ব সংবাদদাতা, সাঁইথিয়া : ঘুস নিয়ে চাকরি এবং চিটফান্ডের টাকা নিয়ে প্রশ্নে অস্বস্তিতে পড়লেন বীরভূমের সিউড়ির তৃণমূল সাংসদ শতাব্দী রায়। সোমবার সাঁইথিয়া বিধানসভা এলাকার মাঠপলসা গ্রাম পঞ্চায়েতের রঙ্গাইপুর গ্রামে তিনি সভা করেন। জনতার দরবারে হাজির হয়ে এলাকার সমস্যার কথা জানতে চান। কেউ অ্যাম্বুলেন্সের দাবি করেন, কেউ দাবি করেন এলাকার কেউ দাবি করেন এলাকায় খেলার মাঠের। কেউ বা স্কুলের সামনে দুর্ঘটনা কমাতে উদ্যোগ নেওয়ার দাবি জানান। তারইমধ্যে এক যুবক প্রশ্ন করেন, সারদা এবং রোজভ্যালির টাকা কি হল? এই প্রশ্নে অস্বস্তিতে পড়েন তৃণমূল সাংসদ বলেন, এটা মুখ্যমন্ত্রী দেখছেন। এরপর জনতার একের পর এক প্রশ্নের মুখে সাংসদ।

বলেন, এটা মুখ্যমন্ত্রী দেখছেন। এরপর জনতার একের পর এক প্রশ্নের মুখে সাংসদ যেমন অস্বস্তিতে পড়েন, তেমনই বিড়ম্বনায় পড়েন স্থানীয় তৃণমূল নেতারাও। এরকম একাধিক অস্বস্তিকর প্রশ্ন উঠতে শুরু করায় শেষ পর্যন্ত সভা ছেড়ে চলে যান শতাব্দী রায়।

এক যুবক বলেন, আমাদের বাড়িতে শিক্ষিত ছেলেমেয়ে রয়েছে। তাদেরও স্বপ্ন থাকে চাকরি করে সংসার চালাবে। নিজের পায়ে দাঁড়াবে। মা-বাবাকে দেখবে। কিন্তু সেটা হচ্ছে না।

ঘুস দিয়ে কেন চাকরি হচ্ছে তা জানতে চাই। এই প্রশ্নে সাংসদ ছিলেন নির্বিকার। একজন প্রশ্ন করেন, আপনার সাংসদ তহবিলের টাকায় কেনা অ্যাম্বুলেন্স ব্যবহার হচ্ছে না। নষ্ট হচ্ছে। উত্তরে সাংসদ বলেন, দেখছি কেন পড়ে রয়েছে। এরকম একাধিক প্রশ্নবাণে অস্বস্তিতে পড়েন সাংসদ।তিনি বলেন, এর আগে কোনও সাংসদ এভাবে আপনাদের কাছে এসেছে? কেউ আপনাদের দাবি দাওয়া জানতে চেয়েছেন? এবার আপনারা বলুন আপনারা কি চান? আমার যতটুকু সম্ভব সেটা আমি করায় চেষ্টা করব।

হাওড়ায় ট্রেনে কাটা পড়ে মৃত্যু

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : ট্রেনে কাটা পরে মৃত্যুর ঘটনা ঘটল হাওড়ায়। ঘটনাটি ঘটেছিল হাওড়া স্টেশনে সোমবার বিকেলে। হাওড়ার রাম গিরিশ সাউ নামে এক ব্যক্তি এই দুর্ঘটনায় প্রাণ হারান। তাঁর বাড়ি ঝাড়খণ্ডে। জানা গিয়েছে, সোমবার বিকেলে ওই ব্যক্তি আট নম্বর প্ল্যাটফর্ম থেকে সাত নম্বর প্ল্যাটফর্মে লাইন পেরিয়ে যাচ্ছিলেন। সেই সময় জনশতাব্দী এক্সপ্রেসে কাটা পরে ওই ব্যক্তি। ওই ব্যক্তি পেটি কুড়িয়ে তা বিক্রি করতেন।

তার জন্যই এদিন লাইন পারাপার করছিলেন তিনি। কাটা পরে দু'টি পা বাদ যায় তাঁর তাঁকে হাওড়া হাসপাতালে ভর্তি করা হয়। তাঁর বাড়ির লোকদের জানানো হয়। সোমবার মাঝরাতেই সে মারা যান।

উলুবেড়িয়ায় উরস মিলন উৎসব

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়া জেলার উলুবেড়িয়া থানার তুলসীবেড়িয়া দরগা শরীফ কমিটির আয়োজনে হজরত পীর জানাব আব্দুল হামীদ আলি খান রহঃ-এর স্মরণে উরুষ মিলন উৎসবের প্রস্তুতি চলছে জোর কদমে। আগামী ১৩-১৫ ফেব্রুয়ারি ৩ দিন ব্যাপী বার্ষিক উরুষ মিলন উৎসবে দেশ ও বিদেশের বহু ধর্মপ্রাণ ভক্ত সমবেত হবেন বিশেষ প্রার্থনা সভায়। উৎসবের সূচিতে আছে পতকা উত্তোলন, পবিত্র কোরআন শরীফ পাঠ, রক্তদান ও চিকিৎসা, চক্ষু ও স্বাস্থ্য পরীক্ষা শিবির, আঁকা, যোগব্যায়ম ক্যুইজ প্রতিযোগিতা হবে। এছাড়াও ফকিরিগান, পরিবেশ দূষণ রোধে সচেতনতা বৃদ্ধি, ডটস ও ক্যানসার রোগ প্রতিরোধে করণীয় সম্পর্কে সচেতনতা শিবির অনুষ্ঠিত হবে। এলাকার মেধাবী ছাত্র ছাত্রীদের উচ্চ শিক্ষায় উৎসাহিত করতে সংবর্ধনা ও সমাজের বিভিন্ন স্তরের বিশিষ্ট জনদের সংবর্ধনা, এলাকার বিশেষ চাহিদা সম্পন্ন অসহায় মানুষের পাশে দাঁড়াতে বস্ত্র সহযোগিতা, ইসলাম ধর্মের আধারে ধর্ম কথা আলোচনা ও মাহফিলে মিলাদ শরীফ, মোনাজাত বিশ্ব শান্তি সকলের শিক্ষা, ঐক্য, সম্প্রীতি, সার্বিক মঙ্গল কামনা করে দোয়া করবেন। তুলসিবেড়িয়া দরগা শরীফ কমিটির পীর রফিকুল ইসলাম খান বলেন, বহু ভক্ত ধর্ম আলোচনায় অংশ নেবেন, পবিত্র কোরআন ও হাদিস শরীফ থেকে আলোচনা করবেন। ৩ দিনের মিলন উৎসবে হাজার হাজার ভক্ত দিবারাত্রি দরগা শরীফে তাবারুক ও সিন্নি গ্রহণ করবেন।

কাকদ্বীপে সফল হল দু'দিনের শ্রমিক মেলা

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে এবং শ্রম দফতরের পরিচালনায় কাকদ্বীপে দু'দিনের শ্রমিক মেলা অনুষ্ঠিত হচ্ছে। দু'দিনের এই শ্রমিক মেলা উদ্বোধন করেন সুন্দরবন উন্নয়ন দফতরের মন্ত্রী মন্টুরাম পাখিরা। স্বল্প ভাষণে তিনি বলেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের একমাত্র কাজ বাংলার জনগণ কীভাবে ভাল থাকবেন। তাঁর সেই ভাবনায় অসংগঠিত ক্ষেত্রের যারা শ্রমিক, যেমন নির্মল কর্মী ,দিন মজুর, ইত্যাদি মানুষদের জন্য সামাজিক সুরক্ষা যোজনা প্রকল্পের ব্যবস্থা করা হয়েছে। শ্রম দফতরের মাধ্যমে অসংগঠিত শ্রমিকদের কাছে পরিষেবা প্রদান করা হচ্ছে মেলার মাধ্যমে। মেলার অর্থ হচ্ছে এলাকার মানুষ এক সঙ্গে এসে তাঁদের প্রয়োজন অনুযায়ী পরিষেবা গ্রহণ করতে পারবেন। শুধু তাই নয়, শ্রম দফতরের আধিকারিকরা যে সব পরামর্শ দেবেন তা ও তাঁরা জেনে নিতে পারবেন।

কাকদ্বীপ মহকুমার চারটি ব্লকের প্রায় একহাজার সাতশত আটষট্টি জনকে এককোটি একষট্টি লক্ষ ন হাজার টাকা চেক মারফত পারিষেবা প্রদান করা হচ্ছে। এরমধ্যে উল্লেখ্যযোগ্য হল বয়স্ক অসংগঠিত শ্রমিকদের মানসিক পেনশন প্রকল্প। বর্তমান সরকারের উদ্যোগে যে সমস্ত শ্রমিকদের বয়স হয়ে গেছে তাঁদের মাসিক সাতশত পঞ্চাশ টাকা করে মাসিকভাতার প্রদান। ঝর্ণা প্রধান, বাড়ি সাগরের জীবনতলাগ্রামে। স্বামী দিন মজুর। মাটি কাটার কাজ করতেন, স্ত্রী সাহায্য করতেন। সাতশো পঞ্চাশ টাকার প্রথম চেক হাতে পেয়ে খুশী দু'হাত তুলে আশীর্বাদ জানিয়েছেন মুখ্যমন্ত্রীকে।

সুমন সুন্দর গিরি। ইঞ্জিনিয়ারিং-এর ছাত্র, বাবা সুভাষ গিরি। রাজমিস্ত্রির কাজ করেন। বাড়ি সাগরের খান সাহেব আবাদ গ্রামে। ত্রিশ হাজার টাকার চেক নিয়ে গেলেন। একান্ত সাক্ষাৎকারে বলেন, এর আগে দু'হাজার পনের সালে পেয়েছেন মোট যাট হাজার টাকা। অনেক উপকার হল। শ্রম দফতরকে ধন্যবাদ জানান দু'হাজার এগার সালে, পূর্বে ভাবতাম যতদিন শরীর দেবে ততদিন রাজমিস্ত্রির কাজ করে যাবো। ভাবতেই পারতাম না। রাজমিস্ত্রির ছেলে ইঞ্জিনিয়ারিং পড়বে।

গুরুপদ সামন্ত, ২০১৭ সালে আষাঢ় মাসে ভোরবেলা জমিতে লাঙ্গল করতে গিয়েছিলেন। হঠাৎ বজ্রপাতে জমিতেই পড়ে মারা যান। বাড়ি কাকদ্বীপের দক্ষিণ কাশিযাবাদ গ্রামে। তিন মেয়ে, এক ছেলে। আকুল পাথারে স্ত্রী ইন্দ্রণী সামন্ত বলেন, দেনা করে তিন মেয়ের বিয়ে দিয়েছেন আজ মন্ত্রীর হাত থেকে দু'লক্ষ টাকার চেক পেয়ে কিছুটা আশার আলো দেখছেন।

শ্রমদফতর দু'দিনের মেলায় অসংগঠিক শ্রমিকদের নাম নথিভুক্ত থেকে ব্যাঙ্কের বই করারও ব্যবস্থা করেছেন।

দুর্ঘটনা রোধে সচেতনতা প্রয়োজন

নিজস্ব সংবাদদাতা, মুরারই : টাকা দিয়ে জীবন ফিরে পাওয়া যায় না। রাজ্য সরকার বাস দুর্ঘটনা মৃতদের পরিবারগুলির জন্য ক্ষতিপূরণ ঘোষণা করেছে, কিন্তু তার থেকেও জরুরি, দুর্ঘটনায় রোধে কড়া পদক্ষেপ নেওয়া। প্রয়োজনে চালকদের প্রশিক্ষিত করা। বাস চালানোর সময় তাঁরা যাতে ফোনে কথা না বলেন, সেই বিষয়ে তাঁদের সচেতনা করা। এমনটাই দাবি মুর্শিদাবাদের দৌলতাবাদে বাস দুর্ঘটনায় মৃতদের পরিবারের।বীরভূমের নলহাটির বাসিন্দা ছিলেন মিনতি মিত্র এবং তাঁর ছেলে শুভব্রত মিত্র। কাজের সূত্রে মুরারইতে থাকতেন মা-ছেলে। বন্ধুর বিয়েতে যোগ দিয়ে ও মামাবাড়ি ঘুরে মাকে নিয়ে বাড়ি ফিরছিলেন শুভব্রত। মা মিনতীদেবীর বাড়ি ফিরে কাজে যাওয়ার তাড়া ছিল। কিন্তু বাড়ি ফেরা আর হল না। দৌলতাবাদে বাস দুর্ঘটনায় মিনতিদেবী এবং শুভব্রত দু'জনেরই মৃত্যু হয়। মঙ্গলবার দু'জনের নিথর দেহ বাড়িতে ফিরলে শোকের ছায়া নেমে আসে এলাকায়। পরিবারের দাবি, শুধু ক্ষতি পূরণ দিলেই হবে না, দুর্ঘটনা রোধে ব্যবস্থা নিক সরকার। শুভব্রতর মাসি শর্মিষ্ঠা বক্সি বলেন, বাস চালকদের সঠিক প্রশিক্ষণ দেওয়া হোক। ফোনে কথা বলতে বলতে তাঁরা যেন বাস না চালান। শুভব্রতর বড় মামা নারায়ণচন্দ্র সরকার বলেন, রবিবারই ওদের বাড়ি ফেরার কথা ছিল। আমরাই ওদের আরও একটি দিন থেকে যেতে বলেছিলাম।বলতে বলতে কান্নায় ভেঙে পড়েন তিনি।মারা যাওয়ার কয়েক মিনিট আগে ভাই রাহুল মিত্রকে হোয়াটসঅ্যাপে শুভব্রত মেসেজ পাঠিয়েছিল, করব লড়ব জিতব রে। সেকথা বলতে বলতে কান্নায় গলা বুজে আসে রাহুলের। শোকস্তব্ধ এই পরিবারের এখন একটাই বক্তব্য, টাকা দিয়ে স্বজনের অভাব পূরণ করা যায় না।

স্পোর্টস কমপ্লেক্সে অনুষ্ঠিত হল সুন্দরবন কাপ মহিলাদের ফাইনাল



নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : কাকদ্বীপ স্পোর্টস কমপ্লেক্সে অনুষ্ঠিত হল সুন্দরবন কাপ ফাইনাল ২০১৭-১৮ খেলাটি মহিলা ফুটবল মথুরাপুর থানার ইয়ংমেনস অ্যাসোসিয়েশন এবং সাগর থানার রামকরচর আদিবাসী যুবক সংঘের মধ্যে হয়। ৬-০ গোলে সাগর থানার মহিলা ফুটবল দল বিজয়ী হয়। অপরদিকে, পুরুষদের মধ্যে পাথরপ্রতিমা থানার মহেন্দ্রপুর খেলাঘর সোশ্যাল ডেভেলপমেন্ট এবং নামখানার পাতিবুনিয়া বটতলা নবীন সংঘ অংশগ্রহণ করে। এদের মধ্যে নামখানা থানার বটতলা নবীন সংঘ বিজয়ী হয়।

সমস্ত বিজয়ী দল সহ অন্যান্য দলকে পুরস্কার তুলে দেন সুন্দরবন জেলা পুলিশ, পুলিশ সুপার তথাগত বসু।

CHANGE OF NAME

I, "VINOD DAGA (NEW NAME), SON OF LATE RAWATMAL DAGA, PREVIOUSLY CALLED VINOD KUMAR DAGA (OLD NAME), BY OCCUPATION-BUSINESS, RESIDENT OF "HIND APARTMENT", 354, G.T.ROAD, (SOUTH) 2ND FLOOR, P.S. SHIBPUR, DIST. HOWRAH, W.B. HEREBY SOLEMNLY DECLARE THAT I WILL BE KNOWN / PRONOUNCED AS "VINOD DAGA" (NEW NAME) IN ALL THE GOVERNMENT / PRIVATE DOCUMENTS WITH IMMEDIATE EFFECT VIDE NOTARY PUBLIC AFFIDAVIT BEFORE CMM'S COURT AT BANKSHALL COURT, KOLKATA ON 29.01.2018

CHANGE OF NAME

I, SHATRUDHAN SAHA S/O SAKHI CHARAN SAH R/O. GOBINDA POLLY, P.O. DHUPGURI, P.S. DHUPGURI DIST- JALPAIGURI, WEST BENGAL PIN-735210 SHALL HENCEFORTH BE KNOWN AS SHATRUGHAN SAH, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE NOTARY PUBLIC AT KOLKATA ON 30.01.2018

CHANGE OF NAME

I, NUTAN DEVI SAHA W/O SHATRUGHAN SAH & D/O, SHIV KUMAR BHAGAT R/O GOBINDA PALLY, P.O. DHUPGURI P.S.- DHUPGURI, DIST-JALPAIGURI, WEST BENGAL, PIN-735210, SHALL HENCEFORTH BE KNOWN AS NUTAN SAH VIDE AN AFFIDAVIT SWORN BEFORE NOTARY PUBLIC AT KOLKATA ON 30.01.2018